

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৮১

আগরতলা, ২ অক্টোবর, ২০২৩

রাজ্যে গান্ধীজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদযাপিত

রাজ্যে আজ গান্ধীজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে। গান্ধীজয়ন্তী উদযাপন উপলক্ষে আজ সার্কিট হাউস সংলগ্ন মূর্তি প্রাঙ্গনে জাতির জনক মহাত্মা গান্ধীর মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা জ্ঞাপন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। অনুষ্ঠানে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিনিসার ভট্টাচার্য, সদর মহকুমা শাসক অরূপ কুমার দেব সহ উপস্থিত অন্যান্য অতিথিগণও মহাত্মা গান্ধীর মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানে রামধুন, ভজন ও ভক্তিমূলক সংগীত পরিবেশন করা হয়।

তাছাড়াও গান্ধীঘাটস্থিত গান্ধীবেদী প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করে ও গান্ধীবেদীতে পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। এখানে অন্যান্যদের মধ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিনিসার ভট্টাচার্য, সদর মহকুমা শাসক অরূপ কুমার দেব সহ উপস্থিত অন্যান্য অতিথিগণও গান্ধীবেদীতে পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানে রামধুন ও ভজন পরিবেশিত হয়। তাছাড়াও অনুষ্ঠানে গান্ধীজির লেখা, গীতা, কোরান, বাইবেল ও বুদ্ধ জাতক থেকে পাঠ করা হয়।
